তারিখ 14 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 1

দৈনিক আমাদের সময়

# গণিত পরীক্ষা না দিয়েই এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ

পিরোজপুর প্রতিনিধি ●

পিরোজপুরের ভান্ডারিয়া উপজেলার শিংহখালী স্কুল অ্যান্ড কলেজের ছাত্রী রেশমা আক্তার এবার এসএসসি পরীক্ষায় গণিত বিষয়ে অংশ না নিলেও সদ্য প্রকাশিত ফলাফলে উত্তীর্ণ হয়েছে। বুধবার প্রকাশিত ফলাফলে রেশমা আক্তার ৪ দশমিক ৬ পয়েন্ট পেয়ে উত্তীর্ণ হয়েছে বলে জানা গেছে।

গত ২ ফেব্রুয়ারি শুরু হয় এসএসসি পরীক্ষা। পরীক্ষার্থী রেশমা বাণিজ্য বিভাগের ছাত্রী। ২৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণিত বিষয়ের পরীক্ষায় সে অংশ নিতে পারেনি। তবে বাকি বিষয়ের পরীক্ষায় অংশ নেয়। কিন্তু বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফলে দেখা গেছে, রোল নং ৪৪২৬৮৮, নাম রেশমা আক্তার, পিতা মো. হাবিব মুন্সি, মাতা মমতাজ বেগম, প্রাপ্ত ফল এরপর পৃষ্ঠা ৭, কলাম ৪

## গণিত পরীক্ষা না দিয়েই এসএসসি পরীক্ষায়

(শেষ পৃষ্ঠার পর) জিপিএ ৪.০৬ পয়েন্ট। এ বিষয়ে জানতে চাইলে গতকাল শিংহখালী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. নুরুল আলম জানান, রেশমা অনিবার্য কারণে গণিত বিষয়ে পরীক্ষায় অংশ নিতে পারেনি। তবে পরীক্ষার ফলাফলে সে কীভাবে উত্তীর্ণ হলো তা তিনি বলতে পারছেন না।

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. জহিরুল আলম জানান, যদিও ফলাফল এখন ওয়েবসাইটে প্রকাশ করা হয়। তবে ওই পরীক্ষার ফল বিভ্রাটের বিষয়টি তাকে ওই প্রতিষ্ঠানের অধ্যক্ষ অবহিত করেছেন বলে জানান তিনি। এ বিষয়ে বরিশাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. জিয়াউল হক মুঠোফোনে জানান, শিক্ষাবোর্ড থেকে বিদ্যালয়ে পাঠানো রেজাল্টশিটে রেশমা আক্তারকে উত্তীর্ণ দেখানো হলেও তা ভুল হয়েছে। তিনি জানান, বোর্ডের ওয়েবসাইটে রেশমাকে অনুপস্থিত দেখানো হয়েছে। এ ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।